



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক সংখ্যা : মাধ্য/পনি/৪৫/০৪/৬৬

তারিখ : ১৭/১০/২০১৬ খ্রি:

বিষয় : এসএসসি এবং এইচএসসি পরীক্ষা ২০১৭ এর পরীক্ষা সময় বিভাজন সংক্রান্ত।

সূত্র : স্মারক সংখ্যা : আশিবোপনিউক/২০০৯/১০৮, তারিখ : ১০/১০/২০১৬ খ্রি:

কর্তৃপক্ষের নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক ২০১৭ সাল থেকে এসএসসি এবং এইচএসসি পরীক্ষার নম্বর বন্টন পরিবর্তন করায় উল্লিখিত পরীক্ষার নিম্নরূপ সময় বিভাজন করা হলোঃ

- \* ৩০ নম্বরের বহুনির্বাচনী (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল (CQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘন্টা ৩০ মিনিট।
- \* ব্যবহারিক বিষয় সম্বলিত পরীক্ষার ক্ষেত্রে ২৫ নম্বরের বহুনির্বাচনী (MCQ) অংশের জন্য সময় ২৫ মিনিট এবং ৫০ নম্বরের সৃজনশীল (CQ) অংশের জন্য সময় ২ ঘন্টা ৩৫ মিনিট।
- \* পরীক্ষা বিরতিহীন ভাবে প্রশ্নপত্রে উল্লিখিত সময় পর্যন্ত চলবে। MCQ এবং CQ উভয় অংশের পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।

ক। সকাল ১০:০০টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে

সকাল ০৯:৪৫ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনী OMR শিট বিতরণ

সকাল ১০:০০ টা বহুনির্বাচনী প্রশ্নপত্র বিতরণ

সকাল ১০:৩০ মি. বহুনির্বাচনী উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ

(২৫ নম্বর বহুনির্বাচনী পরীক্ষার ক্ষেত্রে এ সময় ১০:২৫ মি.)

খ) দুপুর ০২:০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে

সকাল ০১:৪৫ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনী OMR শিট বিতরণ

সকাল ০২:০০ টা বহুনির্বাচনী প্রশ্ন পত্র বিতরণ

সকাল ২:৩০ মি. বহুনির্বাচনী উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ

(২৫ নম্বর বহুনির্বাচনী পরীক্ষার ক্ষেত্রে এ সময় দুপুর ০২:২৫ মি.)

(মাধব চন্দ্র রন্দ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬২৬৬৬

মোবা : ০১৭৩৩-২২২০০৩

ই-মেইল [controller@jessoreboard.gov.bd](mailto:controller@jessoreboard.gov.bd)

প্রাপক : কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, কক্ষপরিদর্শক,  
পরীক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত সময় বিভাজন  
যথাযথ ভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।